# বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাক্স নং-৩২৫
ঢাকা-১০০০
বাংলাদেশ ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(রেমিট্যান্স পলিসি সেকশন)


সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১৬-২০

তারিখঃ ০৫-০৪-১৪২৩ বাঃ
২০-০৭-২০১৬ খ্রিঃ

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

**২০১৬ খ্রিঃ/১৪৩৭ হিজরী সালে হজ্জযাত্রীদের বাড়ী ভাড়ার (১ম কিস্তি) ৩০% অর্থ ই-পেমেন্ট সিস্টেমে স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট (IBAN) এ প্রেরণ প্রসংগে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর হজ্জ শাখার **১৪.০৭.২০১৬ তারিখের ১৬.০০.০০০০.০০৩.০২.০০৪.১৬-৯৬৫** নম্বর পত্রে বর্ণিত নির্দেশনা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯ ।

**সংযোজনী ঃ দুই পৃষ্ঠা।**

অতীব জরুরী
হজ্জ সর্বোচ্চ অগ্রাধিকার

একই তারিখ ও সূত্রের স্থলাভিষিক্তক্রমে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৬.০০.০০০০.০০৩.০২.০০৪.১৬-৯৬৫ তারিখঃ ১৪.০৭.২০১৬খ্রিঃ

বিষয়ঃ **২০১৬ খ্রিঃ/১৪৩৭ হিজরী সালে হজ্জযাত্রীদের বাড়ী ভাড়ার (১ম কিস্তি) ৩০% অর্থ ই-পেমেন্ট সিষ্টেমে স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট (IBAN) এ প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬ খ্রিঃ/১৪৩৭ হিজরী সালে বেসরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের সৌদি আরবে বাড়ীভাড়ার অর্থ স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্টে (IBAN) এ স্থানান্তর করার জন্য সৌঃ রিঃ সৌদি আরবে স্থানান্তরের বাধ্যবাধকতা রয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, হজ্জযাত্রীদের নামের তালিকা ও বাড়ী ভাড়ার চুক্তিপত্র সম্পাদনের প্রমান দাখিল সাপেক্ষে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর মালিক/বৈধ প্রতিনিধিকে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতঃ সৌদি আরবে হাজী প্রতি বাড়ী ভাড়ার ৩০% হিসেবে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) সৌদি রিয়াল স্থানান্তরের প্রয়োজনীয় নির্দেশনা দানের জন্য বিনীত অনুরোধ করা হ'ল।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

(মোহাম্মদ জাকের হোছাইন)
উপসচিব (হজ)
ফোন ঃ ৯৫৮৫২০০
morahajsection@gmail.com

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
ঢাকা।
(দৃঃ আঃ মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা)।

নং-১৬.০০.০০০০.০০৩.০২.০০৪.১৬-৯৬৫ তারিখঃ ১৪.০৭.২০১৬খ্রিঃ

অনুলিপি কার্যার্থেঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
২। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা।
৪। সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভেক্টোরী, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।

(মোহাম্মদ জাকের হোছাইন)
উপসচিব (হজ)

হজ্জ সর্বোচ্চ অগ্রাধিকার
অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
জেদ্দা, সৌদি আরব।

নং- ১৬.০৪.০০০০.০০০.০৫.০০১.২০১৬-২৩৯ তারিখ ঃ ২৭.০৬.২০১৬

বিষয়ঃ সৌদি সরকার কর্তৃক চলতি বছরে(২০১৬) আগতব্য হাজী সাহেবদের বাড়ীভাড়ার ন্যুনতম ১ম কিস্তি(৩০%) ই-পেমেন্ট সিষ্টেমে স্ব-স্ব এজেন্সীর ব্যাংক একাউন্ট (IBAN) হতে পরিশোধ বাধ্যতামূলককরণ প্রসঙ্গে।

হজ্জ চুক্তির শর্তাধীনে সম্প্রতি সৌদি সরকার চলতি বছরে (২০১৬) আগতব্য সকল দেশের হাজী সাহেবদের বাড়ীভাড়ার ন্যুনতম প্রথম কিস্তি (৩০%) অনলাইনে/ই-পেমেন্ট সিষ্টেমে স্ব-স্ব এজেন্সীর ব্যাংক একাউন্ট (IBAN) হতে পরিশোধ বাধ্যতামূলক করেছে। উল্লেখ্য, যে সকল দেশ ইতোমধ্যে অন্যান্য বছরের ন্যায় বাড়ীভাড়ার ১ম বা ২য় কিস্তি চেকের মাধ্যমে পরিশোধ করেছে তাদেরকেও ই- পেমেন্ট সিষ্টেমে ব্যাংক একাউন্ট ((IBAN) এর মাধ্যমে মোট ভাড়ার ন্যুনতম ৩০% অবশ্যই পরিশোধ করতে হবে, অন্যথায় ই-হজ্জ সিষ্টেমে তাঁদের ভিসা প্রসেসিং কার্যকর হবে না।

বিষয়টি অতীব গুরত্বপূর্ণ। ইহা অবিলম্বে হজ্জ কার্যক্রম পরিচালনাকারী এজেন্সীসমূহকে অবহিত করা প্রয়োজন।

(মুহাম্মাদ মাকসুদুর রহমান)
কাউন্সেলর (হজ্জ)

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ
১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
২। কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
৩। পরিচালক (হজ্জ), হজ্জ অফিস, আশকোনা, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ডাইরি নম্বর: তারিখ:
□ অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (প্রশাঃ/অনুঃ)
□ যুগ্ম সচিব (হজ্জ)
□ যুগ্ম সচিব (সংস্থা)
□ যুগ্ম সচিব (উন্নয়ন)
□ যুগ্ম সচিব (অডিট/বাজেট)
□ উপ সচিব (প্রশাঃ/উন্নয়ন)
□ উপ সচিব (হজ্জ/সংস্থা)
□ উপ সচিব (বাজেট/অনুঃ)
□ একান্ত সচিব
□ জরুরি ব্যবস্থা নিন
□ উপস্থাপন করুন
□ মন্তব্যসহ উপস্থাপন করুন
□ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
□ আলোচনা করুন
□ সার-সংক্ষেপ প্রণয়ন করুন
সচিব